

ক্লাস বর্জন করবেন বুয়েট শিক্ষার্থীরা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



২০১৯ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যাকাণ্ডের সাথে জড়িত শিক্ষার্থী আশিকুল ইসলাম (বিটু) ক্লাসে ফিরে আসার প্রতিবাদে আজ থেকে (৯ আগস্ট) ক্লাস বর্জন করবেন বুয়েটের শিক্ষার্থীরা। বুয়েটের একাধিক সূত্র কালের কণ্ঠকে এই বিষয়টি নিশ্চিত করেছেন।

তারা বলেন, গত ৬ আগস্ট কেমিক্যাল ১৯ ব্যাচের ক্লাসে তাকে আবারও দেখা যায়। এই ঘটনায় বুয়েটের সাধারণ শিক্ষার্থীরা চরমভাবে ক্ষিপ্ত।

দ্রুততম সময়ে তার কোর্স রেজিস্ট্রেশন বাতিলসহ সকল একাডেমিক কার্যক্রম বাতিল করার দাবিতে আজ থেকে ক্লাস বর্জন করা হবে। দাবি না আদায় পর্যন্ত ক্লাস বর্জনের এই কর্মসূচি চলবে।

এর আগে মঙ্গলবার (৮ আগস্ট) সকালে আবরার ফাহাদ হত্যাকাণ্ডের সাথে জড়িত শিক্ষার্থী আশিকুল ইসলামের (বিটু) কোর্স রেজিস্ট্রেশন বাতিলসহ সকল একাডেমিক কার্যক্রম বাতিল করতে বুয়েটে শিক্ষার্থীদের গণস্বাক্ষর সংগ্রহ করা হয়।

উল্লেখ্য, গত সোমবার বিকাল সাড়ে ৫টায় বুয়েট কেন্দ্রীয় শহীদ মিনারে প্রতিষ্ঠানটির বিভিন্ন ব্যাচের শিক্ষার্থীরা আশিকুল ইসলাম (বিটু) ক্লাসে ফিরে আসার প্রতিবাদে মানববন্ধন করেন।

সেখানে তারা ‘আমরা আমাদের ভাইয়ের খুনির সাথে ক্লাস করতে রাজি নই’ বলে উল্লেখ করেন।